

Joint Press Release of the 12th round of India-China Corps Commander Level Meeting

August 02, 2021

ভারত-চিন সেনা কমান্ডার স্তরের 12তম দফার বৈঠকের যৌথ প্রেস বিবৃতি

অগষ্ট 02,2021

ভারত-চিন সেনা কমান্ডার স্তরের 12 তম দফার বৈঠক অনুষ্ঠিত হয়েছে ভারতের দিকে চুশুল-মলডো সীমান্ত সংযোগ স্থলে। গত 14ই জুলাই দুশানবেতে ভারত এবং চিনের বিদেশমন্ত্রীদের 22 তম বৈঠক এবং 25 শে জুন ভারত-চিন সীমান্ত বিষয়ক পরামর্শ ও সমন্বয়ের জন্য কার্যনির্বাহী ব্যবস্থার (ডব্লুএমসিসি) 22 তম বৈঠকের অনুবর্তী হিসেবে এই বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

ভারত-চিন সীমান্তের পশ্চিমী ক্ষেত্রের প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর বাকি অংশ থেকে সৈন্য প্রত্যাহার সম্পর্কিত সমাধানের উপরে দুই তরফের দৃষ্টিভঙ্গির গভীর এবং অকপট বিনিময় হয়েছে। এই বৈঠকটি গঠনমূলক হয়েছে বলে উভয় তরফ উল্লেখ করেছে, যেটি পারস্পরিক বোঝাপড়াকে আরও বৃদ্ধি করবে। তারা বিদ্যমান চুক্তি এবং প্রোটোকল অনুযায়ী বকেয়া সমস্যাগুলির সমাধান গ্রহণে এবং আলোচনা ও ঐকমত্যের গতি বজায় রাখার জন্য সহমত হয়েছেন।

দুই তরফ এই বিষয়েও সহমত হয়েছে যে মধ্যবর্তীকালে পশ্চিমী ক্ষেত্রের প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর স্থিতিশীলতাকে সুনিশ্চিত করার জন্য তারা তাদের কার্যকর প্রচেষ্টাকে চালু রাখবে এবং যৌথভাবে শান্তি ও সুস্থিতি বজায় রাখবে।

নিউ দিল্লি

অগষ্ট 02,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.